দৈনিক
ইত্তেফাক

তারিখ 22 JAN 2003 ...
পৃষ্ঠা ... [illegible] কলাম ... [illegible] ...

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়
শাখা-১৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(ফোন ঃ ৯৫৬৬৫৭১, ফ্যাক্স ঃ ৮৬১৯৬০৬, ই-মেইল ঃ most@bangla.net)

**কর্তৃক পরিচালিত বিশেষ**
**বিষয় ঃ বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় শিক্ষকদের**
**কম্পিউটার প্রশিক্ষণের জন্য বেসরকারী মাধ্যমিক স্কুলের কম্পিউটার**
**নিকট থেকে দরখাস্ত আহ্বান।**

প্রশিক্ষণের জন্য বেসরকারী মাধ্যমিক
বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত বিশেষ কম্পিউটার সংশ্লিষ্ট স্কুলে কম্পিউটার
স্কুলের কম্পিউটার শিক্ষকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। আবেদনকারী শিক্ষককে ১ কপি পাসপোর্ট সাইজের
বিজ্ঞান বিষয়ে শিক্ষাদান করছেন এ মর্মে ঐ স্কুলের প্রধান শিক্ষকের নিকট থেকে প্রত্যয়নপত্র এবং প্রদান করতে হবে-
ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এছাড়া আবেদনপত্রে নিম্নলিখিত তথ্যাদি

ক) নাম ঃ
খ) স্কুলের নাম ও ঠিকানা (টেলিফোন নংসহ যদি থাকে)ঃ
গ) স্কুলে যে বিষয়ে তিনি পড়ান;
ঘ) কম্পিউটার বিজ্ঞান বিষয়ে শিক্ষাদানের অভিজ্ঞতা;
ঙ) সর্বশেষ অর্জিত ডিগ্রী/শিক্ষাগত যোগ্যতা;
চ) জন্ম তারিখ ও ১ জানুয়ারী ২০০৩ তারিখে বয়স;
ছ) কম্পিউটার বিজ্ঞান বিষয়ে পূর্বের প্রশিক্ষণ থাকলে তার বিবরণ এই প্রশিক্ষণ বাবদ ৩৬০০/- (তিন হাজার

০২। মনোনীত/বাছাইকৃত শিক্ষক ঢাকায় নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে তিন সপ্তাহব্যাপী থাকা ও খাওয়ার খরচ বহন করতে হবে।
ছয়শত টাকা) ভাতা পাবেন। এ ভাতা থেকে প্রশিক্ষণার্থী শিক্ষককে যাতায়াত, ২০০৩।
নিম্নস্বাক্ষরকারীর ঠিকানায় আবেদন পৌঁছানোর সর্বশেষ তারিখ ৩০ জানুয়ারী, সময় ও স্থান পত্র মারফত জানিয়ে দেয়া হবে।
০৩। মনোনীত/বাছাইকৃত আবেদনকারী শিক্ষককে তার প্রশিক্ষণের তারিখ, বিষয়ে এ মন্ত্রণালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত
প্রশিক্ষণ পরিচালনার যাবতীয় বিষয়াদিসহ প্রশিক্ষণার্থী শিক্ষক বাছাই এবং বাতিলের
বলে গণ্য হবে।

(কে এম আলী রেজা)
সহকারী প্রধান
বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়.
ভবন নং-৬, ১০ম তলা রুম নং-৯০৮
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ডিএফপি-৬২৮-৯/১/০৩
স-২১৯(৫×৩)